# বার্ষিক প্রতিবেদন

## ২০২১-২০২২ অর্থবছর




ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বিরিশিরি, দুর্গাপুর, নেত্রকোণা।


ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর
একাডেমী, বিরিশিরি

# বার্ষিক প্রতিবেদন

## ২০২১-২০২২ অর্থবছর


সম্পাদনা পরিষদ

**উত্তম কুমার রিছিল** আহবায়ক
ভারপ্রাপ্ত পরিচালক
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি
বিরিশিরি, নেত্রকোণা।

**সৃজন সাংমা** সদস্য
গবেষণা কর্মকর্তা
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি
বিরিশিরি, নেত্রকোণা।

**মালা মার্থা আরেং** সদস্য
নৃত্য শিক্ষক
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি
বিরিশিরি, নেত্রকোণা।

সহযোগিতায়

মৌ জেনী রাংসা ও পিয়ারা রেমা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা।

অক্ষর বিন্যাস

সৃজন সাংমা, গবেষণা কর্মকর্তা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা।

অলংকরণ

খ্রীষ্টফার পার্থ ঘাগ্রা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা।

প্রকাশকাল

৩০ মার্চ ২০২৩

প্রকাশনায়

ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি
বিরিশিরি, নেত্রকোণা।

# সূচিপত্র


| | |
|---|---|
| ভূমিকা - | ৩ |
| প্রতিষ্ঠানের রূপকল্প ও অভিলক্ষ্য - | ৪ |
| জনবলের বিবরণ- | ৪ |
| বাজেট- | ৫ |
| কার্যাবলী - | ৬ |
| কর্ম এলাকার মানচিত্র- | ৮ |
| কর্ম এলাকার নৃগোষ্ঠীর বিবরণ- | ৯ |
| নির্বাহী পরিষদ- | ১২ |
| সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রম- | ১৩ |

# ভূমিকা

বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ঐতিহ্য, সংরক্ষণ, পরিচর্যা, উন্নয়ন ও চর্চা, লালনের লক্ষ্যে ১৯৭৭ সালে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের 'বিশেষ এলাকা উন্নয়ন' শীর্ষক প্রকল্পের মাধ্যমে তৎকালীন ময়মনসিংহ জেলার নেত্রকোণা মহকুমার দূর্গাপুর থানাধীন বিরিশিরিতে 'উপজাতীয় কালচারাল একাডেমী' নামক এ সাংস্কৃতিক প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠা করা হয়। পরবর্তীকালে জাতীয় সংস্কৃতির মূল স্রোতধারার সংগে সংগতি রেখে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংস্কৃতিকে জাতীয় সংস্কৃতির অন্যতম উপাদান হিসেবে এর উপর গবেষণা ও উন্নয়নের লক্ষ্যে একাডেমিকে ১৬-৭-১৯৭৯ তারিখে 'তথ্য সম্প্রচার, ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের 'ক্রীড়া ও সংস্কৃতি' বিভাগে ন্যাস্ত করা হয়। একাডেমি প্রতিষ্ঠার প্রাথমিক পর্যায় শেষ হওয়ার পরও সরকারি রাজস্ব বাজেটে একাডেমি পরিচালনার নিমিত্ত অর্থ বরাদ্দ না থাকা সত্ত্বেও একাডেমিকে সচল ও টিকিয়ে রাখার জন্য কিছু ভৌত অবকাঠামোর সুযোগ-সুবিধা ও নিয়মিত পরিচালনা অঙ্গ সৃষ্টির উদ্যোগ নেয়া হয়। একাডেমিটিকে যাতে সম্পূর্ণ নিয়ন্ত্রিত উপায়ে ও কার্যকরীভাবে পরিচালনা করা যায় সে কারণে প্রয়োজনীয় অর্থের যোগান প্রাপ্তি ও ভৌত সুযোগ-সুবিধা সৃষ্টির উদ্দেশ্যে ১৯৮০-৮১ থেকে ১৯৮৩-৮৪ অর্থ বছরব্যাপী ২য় পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হয় । এ প্রকল্পে অত্র একাডেমির জন্যে মোট ১৭ (সতের)টি জনবল ধরা হয়। এই সময়েই সাজঘরসহ একটি মঞ্চ, দুই ইউনিট বিশিষ্ট স্টাফ আর্টিস্টদের জন্য সেমি-পাকা হোস্টেল নির্মাণ, বই-পুস্তক ক্রয়, প্রয়োজনীয় জমি ক্রয়, কার্যক্রম পরিচালনা প্রভৃতি প্রয়োজনীয় সুযোগ-সুবিধা সৃষ্টি করা হয়। গত ২৬-২-১৯৮২ তারিখে সরকার কর্তৃক একটি রেগুলেশন জারী করে তার মাধ্যমে একাডেমিটি পরিচালনার ব্যবস্থা গ্রহণ করা হয়।

প্রকল্প সমাপ্তির পর ১৯৮৭ সালে শিক্ষা মন্ত্রণালয়ের 'সংস্কৃতি বিষয়ক বিভাগ'-এর উর্দ্ধতন সহকারী সচিব জনাব আফজাল আলী খান স্বাক্ষরিত পত্র নং-সং-২/৬-১৮/৮৬/৮৮১(৮) তারিখ: ২৮/১০/৮৭ মূলে এই প্রতিষ্ঠানটির জনবল ১৯৮৪ সালের ০১ জুলাই থেকে ভূতাপেক্ষ রাজস্ব খাতে হস্তান্তর করা হয়। উল্লেখ্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন প্রথম প্রকল্পাধীনে জনবলের সংখ্যা ছিল মোট ১৬ (ষোল) জন। কিন্তু পরবর্তী ২য় পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রকল্পের অধীনে আরও একটি জনবল (নৈশ প্রহরী) বৃদ্ধি করা হলে মোট জনবলের সংখ্যা দাঁড়ায় ১৭টি । পরবর্তীতে এই ১৭টি জনবলই রাজস্ব খাতে হস্তান্তর করা হয়।

২০১০ সালে একাডেমিটিকে একটি বিধিবদ্ধ সংস্থা হিসেবে রূপদানের জন্য সরকার কর্তৃক 'ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০' নামক আইন অনুমোদন করা রয়েছে এবং প্রতিষ্ঠানটির নাম 'উপজাতীয় কালচারাল একাডেমি'-এর পরিবর্তে 'ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি' নামটি প্রতিস্থাপিত করা হয়েছে। বর্তমানে এটি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সংবিধিবদ্ধ স্বায়ত্তশাসিত একটি প্রতিষ্ঠান।

অত্র প্রতিষ্ঠানটি বৃহত্তর ময়মনসিংহ (ময়মনসিংহ, টাঙ্গাইল, নেত্রকোণা, জামালপুর, শেরপুর) ও সুনামগঞ্জে বসবাসকারী গারো, হাজং, কোচ, বানাই, হদি, ডালু, মান্দাই, বর্মণ প্রভৃতি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কৃষ্টি-সংস্কৃতি রক্ষা, চর্চা, লালন-পালন, বিকাশ সাধন, পৃষ্ঠপোষকতা দান, উন্নয়ন ও উৎকর্ষ সাধনের জন্যে কাজ করে থাকে । এসব লক্ষ্য অর্জনের উদ্দেশ্যেই প্রতিষ্ঠানটি এটির কার্যক্রম সম্পাদন করে করে থাকে।

**ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর  কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা-এর রূপকল্প এবং অভিলক্ষ্য নিম্নরূপ:**

## রূপকল্প (Vision)

সংস্কৃতি চেতনায় আলোকিত ময়মনসিংহ বিভাগস্থ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ।

## অভিলক্ষ্য (Mission)

সংস্কৃতির নিয়মিত চর্চা, উদ্বুদ্ধকরণ, সচেতনীকরণ, গবেষণা, পৃষ্ঠপোষকতা দান এবং সংরক্ষণের মাধ্যমে ময়মনসিংহ বিভাগস্থ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীয় সংস্কৃতির যুগোপযোগী উন্নয়ন ও উৎকর্ষ সাধন।

### জনবলের বিবরণ

প্রকল্প সমাপ্তির পর ১৯৮৭ সালে শিক্ষা মন্ত্রণালয়ে ‘সংস্কৃতি বিষয়ক বিভাগ’-এর উর্দ্ধতন সহকারী সচিব জনাব আফজাল আলী খান কর্তৃক স্বাক্ষরিত পত্র নং-সং-২/৬-১৮/৮৬/৮৮১(৮) তারিখ: ২৮/১০/৮৭ মূলে এই প্রতিষ্ঠানটির জনবল ১৯৮৪ সালের ০১ জুলাই থেকে ভূতাপেক্ষ রাজস্ব খাতে হস্তান্তর করা হয়। পরবর্তীতে প্রতিষ্ঠানটির জন্য একটি প্রবিধানমালা ও চাকুরিবিধি তৈরির জন্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সওব্য-৭ শাখার সিনিয়র সহকারী সচিব জনাব লুবনা ফারজানা স্বাক্ষরিত স্মারক নম্বর: ০৫.০০.০০০০.১৫৬.১৫.০১৩.০৯-৩৮ তারিখ: ২৭/০২/২০২২ মূলে প্রকল্প থেকে রাজস্ব খাতে স্থানান্তরিত ১৭(সতের)টি পদ কিছু শর্তসাপেক্ষে ০১/০৭/১৯৮৪ হতে  ভূতাপেক্ষ সৃজনে সম্মতি জ্ঞাপনপূর্বক অর্থমন্ত্রণালয়ে অগ্রায়ন করা হয়েছে। বর্তমানে বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। উক্ত ১৭(সতের)টি জনবল নিম্নরূপ:

| ক্রম | পদনাম | পদসংখ্যা |
|---|---|---|
| ১. | পরিচালক | ০১(এক) |
| ২. | সহকারী পরিচালক | ০১(এক) |
| ৩. | গবেষণা কর্মকর্তা | ০১(এক) |
| ৪. | কালচারাল অফিসার | ০১(এক) |
| ৫. | লাইব্রেরিয়ান | ০১(এক) |
| ৬. | হিসাব রক্ষক | ০১(এক) |
| ৭. | সংগীত শিক্ষক | ০১(এক) |
| ৮. | নৃত্য শিক্ষক | ০১(এক) |
| ৯. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৩(তিন) |
| ১০. | অফিস সহায়ক | ০২(দুই) |
| ১১. | নিরাপত্তা প্রহরী | ০৩(তিন) |
| ১২. | পরিচ্ছন্নতাকর্মী | ০১(এক) |
| | সর্বমোট = | ১৭(সতের) |

**বিদ্যমান জনবল**

| ক্রম | পদনাম | পদসংখ্যা |
|---|---|---|
| ১. | পরিচালক (চুক্তিভিত্তিক নিয়োগপ্রাপ্ত) | ০১(এক) |
| ২. | সহকারী পরিচালক | ০১(এক) |
| ৩. | গবেষণা কর্মকর্তা | ০১(এক) |
| ৪. | লাইব্রেরিয়ান | ০১(এক) |
| ৫. | নৃত্য শিক্ষক | ০১(এক) |
| ৬. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০১(এক) |
| ৭. | অফিস সহায়ক | ০১(এক) |
| ৮. | নিরাপত্তা প্রহরী | ০৩(তিন) |
| ৯. | পরিচ্ছন্নতাকর্মী | ০১(এক) |
| | সর্বমোট বিদ্যমান জনবলের সংখ্যা = | ১১(এগারো) |

**শূন্য পদের তালিকা**

সরকারি চাকুরিবিধি মোতাবেক অবসরগ্রহণ, চাকুরিকালীন সময়েই মৃত্যু ঘটা এবং বরখাস্ত – এসব কারণে নিম্নবর্ণিত পদসমূহ শূন্য রয়েছে। পদগুলোর বিবরণ:

| ক্রম | পদনাম | পদসংখ্যা |
|---|---|---|
| ১. | কালচারাল অফিসার | ০১(এক) |
| ২. | হিসাব রক্ষক | ০১(এক) |
| ৩. | সংগীত শিক্ষক | ০১(এক) |
| ৪. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০২(দুই) |
| ৫. | অফিস সহায়ক | ০১(এক) |
| | সর্বমোট শূন্য পদের সংখ্যা = | ০৬(ছয়) |

**বাজেট**

অর্থ মন্ত্রণালয় তথা সরকার কর্তৃক বরাদ্দকৃত বাজেটই অত্র প্রতিষ্ঠানের পরিচালন ব্যয়ের মূল উৎস। ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট বরাদ্দ নিম্নরূপ:

| অর্থবছর | মোট বরাদ্দ | বেতন ভাতা | পণ্য ও সেবা | অন্যান্য ব্যয় | মূলধন |
|---|---|---|---|---|---|
| ২০২১-২০২২ | ২,২৪,৭০,০০০.০০ | ৯৯,৯৭,০০০.০০ | ১,১৩,২৮,০০০.০০ | ১,৪৫,০০০.০০ | ১০,০০,০০০.০০ |

**কার্যাবলী :**

"ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন ২০১০" অনুসারে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা-এর কার্যাবলী নিম্নরূপ:

ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা বৃহত্তর ময়মনসিংহ (ময়মনসিংহ, টাঙ্গাইল, নেত্রকোণা, জামালপুর, শেরপুর) ও সুনামগঞ্জে বসবাসকারী গারো, হাজং, কোচ, বানাই, হদি, ডালু, মান্দাই, বর্মণ প্রভৃতি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কৃষ্টি-সংস্কৃতি রক্ষা, চর্চা, লালন, পালন, বিকাশ সাধন, পৃষ্ঠপোষকতা দান, উন্নয়ন ও উৎকর্ষ সাধনের জন্যে কাজ করে থাকে। এসব লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা নিম্নরূপ দায়িত্বাবলি ও কর্মসূচিসমূহ সম্পাদন করে থাকে।

(১) উল্লেখিত অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের ইতিহাস, সামাজিক ও সাংস্কৃতিক ঐতিহ্য যেমন ভাষা, সাহিত্য, সংগীত, নৃত্য, ধর্মীয় ও সামাজিক আচারানুষ্ঠান, রীতিনীতি, প্রথা, সংস্কার, চারু ও কারুশিল্প প্রভৃতি সমাজ-ইতিহাস-ঐতিহ্য সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে তথ্য-উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ, প্রকাশনা ও গবেষণা কার্যক্রম পরিচালনা করা।

(২) সংশ্লিষ্ট অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের সমাজ-ইতিহাস-ঐতিহ্য, সংস্কৃতি, উন্নয়ন সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে সেমিনার, কর্মশালা, সম্মেলন ও প্রদর্শনীর আয়োজন করা; সেইসব বিষয়ে পুস্তক-সাময়িকী প্রকাশনা এবং প্রামাণ্যচিত্র ধারণ ও প্রচার করা।

(৩) সংশ্লিষ্ট ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের ভাষা, শিক্ষা, সাহিত্য, সংগীত, নৃত্যকলা, নাট্যকলা, চারুকলা বিষয়ে প্রশিক্ষণ প্রদান ও উন্নয়ন কার্যক্রম পরিচালনা করা।

(৪) সংশ্লিষ্ট অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের মধ্যে সাংস্কৃতিক চেতনা উজ্জীবিত করার লক্ষ্যে সাংস্কৃতিক বিনিময় কর্মসূচি গ্রহণ করা।

(৫) সংশ্লিষ্ট অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের ঐতিহ্যবাহী বস্তুগত সাংস্কৃতিক নিদর্শনাদি সংগ্রহ, সংরক্ষণ ও জাদুঘরে প্রদর্শন করা।

(৬) সংশ্লিষ্ট অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের ঐতিহ্যবাহী উৎসবসমূহসহ সাংস্কৃতিক অনুষ্ঠান এবং প্রতিযোগিতার আয়োজন করা।

(৭) সংশ্লিষ্ট অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের সাংস্কৃতিক উজ্জীবন ও উন্নয়নের লক্ষ্যে স্থানীয় ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সাংস্কৃতিক-সামাজিক সংগঠনসমূহকে পৃষ্ঠপোষকতা দান ও অনুদান প্রদান করা।

(৮) সংশ্লিষ্ট অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের সমাজ গঠন ও বিনির্মাণে যাদের অবদান সমাজস্বীকৃত সেসব গুণি, বরেণ্য ও কৃতি ব্যক্তিদের সম্মাননা প্রদান করা।

(৯) সংশ্লিষ্ট অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের জীবন-ধারা, ইতিহাস, ঐতিহ্য, সংস্কৃতি সম্পর্কিত পুস্তকাদি প্রকাশ, অডিও-ভিডিও প্রভৃতি ডিজিটাল মিডিয়ায় ধারণ ও সংরক্ষণ করা।

(১০) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের সমাজ-ইতিহাস-ঐতিহ্য সংরক্ষণ, উন্নয়ন ও বিকাশ সাধনে সরকার কর্তৃক গৃহীত পরিকল্পনা ও প্রকল্প বাস্তবায়ন এবং নির্দেশনা মোতাবেক পদক্ষেপ গ্রহণ করা।

(১১) সংশ্লিষ্ট অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের মধ্যে সংস্কৃতি চর্চা বৃদ্ধি করা, সাংস্কৃতিক মূল্যবোধ জাগ্রত করা, সংস্কৃতি-চেতনা সৃষ্টি করার লক্ষ্যে ‘মেধা অন্বেষণ’ অনুষ্ঠানের আয়োজন করা।

(১২) বিধি কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুসারে পর্যটন শিল্প বিকাশে সহায়তা দান ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

(১৩) বরাদ্দকৃত বাজেট ও সরকারি সহায়তায় দেশে-বিদেশে আঞ্চলিক সাংস্কৃতিক কার্যক্রমকে তুলে ধরা।


(১৪) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের জনসাধারণকে জাতীয় সংস্কৃতির মূল স্রোতধারার সঙ্গে সম্পৃক্ত করার লক্ষ্যে দেশজ সংগীত, নৃত্য, জাতীয় দিবস ও উৎসবসমূহ উদযাপন, রাষ্ট্রীয় বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণ এবং বিভিন্ন সময়ে সরকার কর্তৃক গৃহীত ও নির্দেশিত কর্মসূচি সমূহে অংশগ্রহণ করা।

(১৫) সরকার তথা প্রতিষ্ঠানের লক্ষ্য ও উদ্দেশ্য পূরণকল্পে সরকার কর্তৃক অর্পিত দায়িত্বাবলী পালন করা।

# ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, দুর্গাপুর, নেত্রকোণা-এর কর্ম এলাকা সমূহ




ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা বৃহত্তর ময়মনসিংহ (ময়মনসিংহ, টাঙ্গাইল, নেত্রকোণা, জামালপুর, শেরপুর) ও সুনামগঞ্জে বসবাসকারী গারো, হাজং, কোচ, বানাই, হদি, ডালু, মান্দাই, বর্মণ প্রভৃতি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কৃষ্টি-সংস্কৃতি রক্ষা, চর্চা, লালন-পালন, বিকাশ সাধন, পৃষ্ঠপোষকতা দান, উন্নয়ন ও উৎকর্ষ সাধনের জন্যে কাজ করে থাকে।



# কর্ম এলাকার ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর বিবরণ




## নেত্রকোণা-

নেত্রকোণা জেলার নেত্রকোণা সদর, বারহাট্রা, মোহনগঞ্জ, পূর্বধলা, কলমাকান্দা ও দুর্গাপুর উপজেলাসমূহে বসবাস করে গারো, হাজং, বানাই, ও হদি সম্প্রদায়।




## ময়মনসিংহ-

ময়মনসিংহ জেলার ময়মনসিংহ সদর, ভালুকা, ফুলবাড়িয়া, ফুলপুর, তারাকান্দা, হালুয়াঘাট, মুক্তাগাছা, ধোবাউড়া উপজেলাসমূহে গারো, হাজং, ডালু ও হদি সম্প্রদায়ের বসবাস।




## টাঙ্গাইল-

টাঙ্গাইল জেলার মধুপুর উপজেলার গড় এলাকা এবং ঘাটাইল উপজেলায় বসবাস রয়েছে গারো, মান্দাই এবং হদি সম্প্রদায়ের।





## শেরপুর-

শেরপুর জেলার শেরপুর সদর, শ্রীবর্দী, নালিতাবাড়ি, ঝিনাইগাতি ও নকলা উপজেলাসমূহে গারো, হাজং, হদি, ডালু ও কোচ নৃ-সম্প্রদায়ের বসবাস।




## সুনামগঞ্জ-

সুনামগঞ্জ জেলার সুনামগঞ্জ সদর, মধ্যনগর, তাহিরপুর, ধরমপাশা ও বিশ্বম্ভরপুর উপজেলাসমূহে গারো ও হাজং সম্প্রদয়ের বসবাস।




## জামালপুর জেলা-

বকশীগঞ্জ উপজেলার সীমান্তবর্তী গ্রামসমূহে গারো ও কোচ নৃ-সম্প্রদায়ের বসবাস ।

**নির্বাহী পরিষদ**

ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি বিরিশিরি, নেত্রকোণা নির্বাহী পরিষদ-এর সদস্যদের নাম:

| ক্রম | নাম | কমিটির পদবী |
|---|---|---|
| ১ | জনাব অঞ্জনা খান মজলিশ<br>জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা। | সভাপতি |
| ২ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৩ | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি | সদস্য |
| ৪ | উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর, নেত্রকোণা। | সদস্য |
| ৫ | জনাব লুদিয়া মালঞ্চ সাংমা | সদস্য |
| ৬ | জনাব বথুয়েল চিসিম | সদস্য |
| ৭ | জনাব যুগল কিশোর কোচ | সদস্য |
| ৮ | প্রতিনিধি, ট্রাইবাল ওয়েলফেয়ার এসোসিয়েশন,<br>কেন্দ্রীয় কমিটি, ময়মনসিংহ | সদস্য |
| ৯ | জনাব সুজন হাজং, পরিচালক, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি<br>বিরিশিরি, নেত্রকোণা | সদস্য-সচিব |

উল্লেখ্য, উপরোল্লিখিত নির্বাহী পরিষদটি ০৮/০১/২০২৩ তারিখ পর্যন্ত কার্যকর ছিল। বর্তমানে এটির নির্ধারিত মেয়াদ শেষ হওয়াতে বিলুপ্ত হয়েছে। নতুন নির্বাহী পরিষদ গঠনের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

# সম্পাদিত উল্লেখযোগ্য কার্যক্রম

# জাতীয় দিবস ও বিভিন্ন অনুষ্ঠান

## জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৬তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৬তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১” পালন উপলক্ষে ১৫/০৮/২০২১ তারিখ জাতির পিতার ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণ, আলোচনাসভা ও দোয়া মাহফিল আয়োজন করা হয় একাডেমি অডিটরিয়াম।



















জাতীয় শোক দিবস
স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর
৪৬তম শাহাদাত বার্ষিকীতে
আলোচনা সভা ও দোয়া মাহফিল



# জাতীয় কবি কাজী নজরুল ইসলাম-এর ৪৫তম প্রয়াণ দিবস

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম-এর ৪৫তম প্রয়াণ দিবস উপলক্ষে “গানে কবিতায় নৃত্যে শ্রদ্ধাঞ্জলি” শীর্ষক আলেখ্যানুষ্ঠান ও আলোচনাসভা।





















# শতবর্ষ ও দেশ রত্নের উন্নয়ন উৎসব

জাতির পিতার জন্মশতবার্ষিকী উদযাপন ১৭ মার্চ ২০২১










আসুন শেখ হাসিনার জন্মদিনে বৃক্ষরোপণ করি
শুভ জন্মদিন
মাননীয় প্রধানমন্ত্রী ও বাংলাদেশ আওয়ামী লীগের সভাপতি
গণতন্ত্রের মানসকন্যা, দেশরত্ন
শেখ হাসিনা
গ্রীন এনভায়রনমেন্ট মুভমেন্ট











# <u>শেখ রাসেল দিবস ২০২১</u>

১৮/১০/২০২১ তারিখ “শেখ রাসেল দিবস ২০২১” উপলক্ষে আলোচনা সভা, পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।















শেখ রাসেল দিবস-২০২১
পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠান


শেখ রাসেল দিবস-২০২১



# নবান্ন উৎসব  ১৪২৯

















# বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ৮০তম প্রয়াণ দিবস

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ৮০তম প্রয়াণ দিবস উপলক্ষে "গানে-কবিতায়-নৃত্যে কবি প্রণাম" শীর্ষক আলেখ্যানুষ্ঠান ১৪/১১/২০২১
















# মহান বিজয় দিবস ২০২১

মহান বিজয় দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে দুর্গাপুর উপজেলা কেন্দ্রীয় শহিদ মিনারে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করা হয় এবং দুর্গাপুর উপজেলা প্রশাসনের সমন্বয়ে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করা হয়।


















MONOJ SARDAR





# হাজংমাতা রাশিমণির ৭৬তম প্রয়াণ দিবস

হাজংমাতা রাশিমণির ৭৬তম প্রয়াণ দিবস উপলক্ষে বহেরাতলি, রাণীখং রাশিমণি স্মৃতিসৌধে রাশিমণি বিষয়ক রচনা লিখন ও রাশিমণি স্মৃতিসৌধ অঙ্কণ প্রতিযোগিতা” এবং আলোচনাসভার আয়োজন করা হয় ৩১/০১/২০২২ তারিখ ।



















শহীদ হাজংমাতা রাশিমণি'র
৭৬তম প্রয়াণ দিবস উদ্‌যাপন উপলক্ষে
কবিতা পাঠ, আলোচনা সভা
পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠান
তারিখ: ৩১ জানুয়ারি ২০২২ খ্রি:
সময়: সকাল ১০:০০টা
স্থান: রাশিমণি স্মৃতিসৌধ, বহেরাতলী
MONOJ SARDAR

# মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী আয়োজন করা হয়। আলোচনাসভায় আলোচকবৃন্দ ছিলেন জনাব মোঃ আব্দুল্লাহ হক, সাবেক উপজেলা চেয়ারম্যান, দুর্গাপুর; জনাব মোঃ এমদাদুল হক খান, সাবেক উপজেলা চেয়ারম্যান, দুর্গাপুর; অ্যাডভোকেট প্রবীর কুমার মজুমদার চন্দন; অ্যাডভোকেট  অজয় কুমার সাহা; জনাব নূরুল আলম নিরাপদ সড়ক চাই, দুর্গাপুর শাখা প্রমুখগণ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গীতিকবি সুজন হাজং, পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি। আলোচনাসভা শেষে দিবস উপলক্ষে আয়োজিত প্রতিযোগিতাসমূহের বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।
















আলোচনা সভা, পুরস্কার বিতরণী
সাংস্কৃতিক অনুষ্ঠান
স্থান: একাডেমি মিলনায়তন
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি
বিরিশিরি, দুর্গাপুর, নেত্রকোণা।


MONOJ SARDAR


আলোচনা সভা, পুরস্কার বিতরণী
সাংস্কৃতিক অনুষ্ঠান


আলোচনা সভা, পুরস্কার বিতরণী
সাংস্কৃতিক অনুষ্ঠান
আয়োজনে:

# মহান ৭ মার্চ ২০২২

মহান ৭ মার্চ ২০২২ উদযাপন উপলক্ষে আলোকসজ্জাসহ উপজেলা প্রশাসন, দুর্গাপুর-এর সঙ্গে সমন্বিত কর্মসূচিতে জাতির পিতার প্রতি শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন, বঙ্গবন্ধুর প্রতিকৃতি অঙ্কণ এবং ঐতিহাসিক মহান ৭ মার্চের ভাষণ প্রতিযোগিতা এবং আলোচনাসভা ও পুরস্কার বিতরণী করা হয়।














# জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ১০২তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ১০২তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২" যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে জাতির পিতার ভার্স্কযে পুস্পস্তবক অর্পণ এবং আলোচনাসভা করা হয়।






আয়োজনে:ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল


১৭ই মার্চ জাতির পিতা
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর
বিরিশিরি, দুর্গাপুর, নেত্রকোণা


জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২২






জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২২

১৭ মার্চ উপলক্ষে উপজেলা প্রশাসন, দুর্গাপুর কর্তৃক আয়োজিত "মুক্তির উৎসব ও সুবর্ণ জয়ন্তী মেলা ২০২২" শীর্ষক অনুষ্ঠানে ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি-এর শিল্পীবৃন্দের সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশনা





# <u>ভয়াল ২৫ মার্চ জাতীয় গণহত্যা দিবস ২০২২</u>

ভয়াল ২৫ মার্চ জাতীয় গণহত্যা দিবস ২০২২ স্মরণে আলোচনা সভা ও শহিদদের স্মরণে মোমবাতি প্রজ্জ্বলন করা হয়।













আলোচনা সভা





# মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস

২৬ মার্চ ২০২২ মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে শহিদ মিনারে শ্রদ্ধাঞ্জলি নিবেদন, আলোচনাসভা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়।








স্বাধীনতা
দিবস
২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২২ উদযাপন
উপলক্ষ্যে
আলোচনা সভা, পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠান
স্থানঃ একাডেমী অডিটরিয়াম
তারিখঃ ২৬ মার্চ ২০২২ খ্রীঃ
সময়ঃ বিকাল ৩:৩০ ঘটিকা
আয়োজনেঃ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা।








আলোচনা সভা, পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠান
স্থানঃ একাডেমী অডিটরিয়াম


আলোচনা সভা, পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠান
স্থানঃ একাডেমী অডিটরিয়াম

# বাংলা নববর্ষ ১৪২৯

পহেলা বৈশাখ বাংলা নববর্ষ ১৪২৯ বঙ্গাব্দ উদযাপন উপলক্ষে মঙ্গাল শোভাযাত্রা, আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়।






শুভ বাংলা নববর্ষ-১৪২৯ বঙ্গাব্দ
বর্ষবরণ অনুষ্ঠান





শুভ বাংলা নববর্ষ-১৪২৯ বঙ্গাব্দ
বর্ষবরণ অনুষ্ঠান


বর্ষবরণ অনুষ্ঠান


শুভ বাংলা নববর্ষ-১৪২৯ বঙ্গাব্দ
বর্ষবরণ অনুষ্ঠান

# বরেণ্য ব্যক্তিত্ব প্রয়াত  প্রমোদ মানখিন এর জন্মদিন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সাবেক প্রতিমন্ত্রী শ্রদ্ধেয় প্রয়াত অ্যাডভোকেট প্রমোদ মানকিন-এর ৮৩তম জন্মবার্ষিকী সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অর্থানুকূল্যে ১৮/০৪/২০২২ তারিখে "স্মরণে-বরণে" শীর্ষক আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন তাঁরই সুযোগ্য পুত্র ময়মনসিংহ-১ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব জুয়েল আরেং।
















সাবেক সংস্কৃতি প্রতিমন্ত্রী ও সমাজকল্যাণ প্রতিমন্ত্রী
গারো সম্প্রদায়ের প্রথম সাংসদ বীর মুক্তিযোদ্ধা
এডভোকেট প্রমোদ মানকিন-এর
৮৩ তম জন্মবার্ষিকী উদ্‌যাপন
স্মরণে-বরণে
আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান
স্থান: একাডেমি অডিটরিয়াম
তারিখ: ১৮ এপ্রিল ২০২২ খ্রী
সময়: সকাল ১১:০০টা
ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বিরিশিরি, দুর্গাপুর, নেত্রকোণা।



# বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬১তম জন্মবার্ষিকী

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬১তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে "কথা-কবিতায়-গানে কবি প্রণাম" শীর্ষক অনুষ্ঠান ২৫ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ।












সুন্দর, তুমি এসেছিলে আজ প্রাতে
অরুণ-বরুণ পারিজাত লয়ে হাতে।


সুন্দর, তুমি এসেছিলে আজ প্রাতে
অরুণ-বরুণ পারিজাত লয়ে হাতে।
বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর-এর ১৬১তম জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে
কথা-কবিতা-গানে
কবি প্রণাম
স্থান: একাডেমি মিলনায়তন
তারিখ: ২৫শে বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ, সময়: বিকাল ৪:০০টা
আয়োজনে: ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কালচারাল একাডেমি, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বিরিশিরি, দুর্গাপুর, নেত্রকোণা।


কবি প্রণাম

# জাতীয় কবি কাজী নজরুল ইসলাম-এর ১২৩তম জন্মবার্ষিকী

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম-এর ১২৩তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে “কথা-কবিতা-গানে শ্রদ্ধাঞ্জলি” শীর্ষক অনুষ্ঠান ১১ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ।











গাহি সাম্যের গান-
মানুষের চেয়ে কিছু নাই, নহে কিছু মহীয়ান
নাই দেশ-কাল-পাত্রের ভেদ, অভেদ ধর্মজাতি,
সব দেশে, সব কালে, ঘরে-ঘরে তিনি মানুষের জ্ঞাতি।
জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৩তম
জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে
কথা-কবিতা-গানে
শ্রদ্ধাঞ্জলি
আয়োজনে:
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়


জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ১২৩তম
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়


সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

# ক্ষুদ্র নৃ-গোষ্ঠীয় উৎসব

# গারো সম্প্রদায়ের "ওয়ানগালা উৎসব ২০২১"

১১-১২ ডিসেম্বর ২০২১ তারিখ দু'দিনব্যাপী গারো সম্প্রদায়ের "ওয়ানগালা উৎসব ২০২১" আয়োজিত হয়। ১১/১২/২০২১ তারিখ উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জনাব মোঃ আবুল মনসুর, মাননীয় সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব প্রলয় চিসিম, অতিরিক্ত পুলিশ কমিশনার, বরিশার মেট্রোপলিটন পুলিশ; জনাব ব্রেঞ্জন চাম্বুগং, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ স্টেশনারি অফিস, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা সহ বিশিষ্ট সুধীজন। উক্ত উৎসবে প্রধান অতিথি ছিলেন প্রফেসর ড. রফিক উল্লাহ খান, মাননীয় উপাচার্য, শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা। বিশেষ অতিথি ছিলেন জনাব মোহাম্মদ রাজীব উল আহসান, উপজেলা নির্বাহী অফিসার, দুর্গাপুর; রেভারেন্ড ফাদার ফিদেলিউস নেংমিনজা, পালপুরোহিত, রাণীখং ক্যাথলিক মিশন; রেভারেন্ড স্টিফেন আশীষ রেমা, প্রেসিডেন্ট, বিরিশিরি ওয়াইএমসিএসহ গারো ও হাজং সম্প্রদায়ের বিশিষ্ট সুধীজন। সভাপতিত্ব করেন গীতিকবি সুজন হাজং, পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি।









# হাজং সম্প্রদায়ের “দেউলী উৎসব ২০২১”

১৯-২০ ডিসেম্বর ২০২১ তারিখ দু’দিনব্যাপী হাজং সম্প্রদায়ের “দেউলী উৎসব ২০২১” আয়োজিত হয়। অনুষ্ঠানের উদ্বোধক ছিলেন জনাব মানু  মজুমদার, মাননীয় সংসদ সদস্য, ১৫৭ নেত্রকোণা-১।  প্রধান অতিথি ছিলেন জনাব দেলোয়ার হোসেন, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক, বাংলাদেশ আওয়ামী লীগ; বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব রেমন্ড আরেং, সদস্য, কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদ, বাংলাদেশ আওয়ামী লীগ; জনাব মোঃ আকবর আলী মুন্সী, পুলিশ সুপার, নেত্রকোণা; জনাব জান্নাতুল ফেরদৌস আরা, চেয়ারম্যান, দুর্গাপুর উপজেলা পরিষদ সহ বিশিষ্ট ও গণ্যমান্য সুধীজন।  সভাপতিত্ব করেন গীতিকবি সুজন হাজং, পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি।











<u>**বানাই সম্প্রদায়ের “বাস্তুপূজা উৎসব ২০২১”**</u>

২৭ মার্চ ২০২২ তারিখ সুনামগঞ্জ জেলার ধরমপাশা উপজেলার বানাই অধ্যুষিত মোহনপুর, মহেশখোলা গ্রামে বানাই সম্প্রদায়ের “বাস্তুপূজা উৎসব ২০২১” আয়োজিত হয়। উৎসবে বাস্তুপূজা, আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব বিশ্বেশ্বর বানাই, সভাপতি, বানাই কল্যাণ পরিষদ; বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আশুতোষ হাজং, চেয়ারম্যান, টাইবাল ওয়েলফেয়ার এসোসিয়েশন, ধরমপাশা উপজেলা; জনাব সাবেক চেয়ারম্যান, উত্তর বংশীকুন্ডা ইউনিয়ন পরিষদ; প্রবন্ধ পাঠ করেন জনাব সৃজন সাংমা, গবেষণা কর্মকর্তা, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি। সভাপতিত্ব করেন গীতিকবি সুজন হাজং, পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি।












# হদি সম্প্রদায়ের “বসন্তবর্ত উৎসব ২০২২”

০২ এপ্রিল ২০২২ তারিখ ভোগাইপুর মাঠ, নালিতাবাড়ি, শেরপুরে দিনব্যাপী হদি সম্প্রদায়ের “বসন্তবর্ত উৎসব ২০২২” আয়োজন করা হয়। দিনব্যাপী অনুষ্ঠানে বসন্তবর্ত পূজা, আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ক্ষুদ্র নৃগোষ্ঠী বিশিষ্ট গবেষক, লেখক জনাব আলী আহাম্মদ খান আইয়োব মূখ্য আলোচক হিসেবে ছিলেন। অতিথিদের মধ্যে ছিলেন চেয়ারম্যান, ভোগাইপার ইউপি; ইউপি মেম্বার জনাব; বাবু লিটন দেবসেন, সভাপতি, বাংলাদেশ  হদি কল্যাণ পরিষদ; বাবু উপস্থিত ছিলেন। “হদি সমাজ ও সংস্কৃতি” বিষয়ে প্রবন্ধ পাঠ করেন জনাব সৃজন সাংমা, গবেষণা কর্মকর্তা, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি। সভাপতিত্ব করেন গীতিকবি সুজন হাজং, পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি।










# কোচ সম্প্রদায়ের “বিহু উৎসব ২০২২”

২৯ এপ্রিল ২০২২ তারিখ রাংটিয়া আদর্শগ্রাম প্রাথমিক বিদ্যালয় মাঠ, ঝিনাইগাতি, শেরপুরে দিনব্যাপী কোচ সম্প্রদায়ের “বিহু উৎসব ২০২২” আয়োজন করা হয়। দিনব্যাপী অনুষ্ঠানে খেলাধুলা আয়োজন, আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনাব এ.এস.এম. ওয়ারেজ নাঈম, চেয়ারম্যান, ঝিনাইগাতি উপজেলা পরিষদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ফারুক আল মাসুদ, উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইগাতি; জনাব মোঃ রুকনুজ্জামান, চেয়ারম্যান, কাংশা ইউপি, ঝিনাইগাতি; জনাব বথুয়েল চিসিম, নির্বাহী পরিষদ সদস্য, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি এবং জনাব যুগলকিশোর কোচ, বিশিষ্ট কোচ নেতা ও নির্বাহী পরিষদ সদস্য, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি। অনুষ্ঠানে মূখ্য আলোচক হিসেবে ছিলেন বিশিষ্ট ক্ষুদ্র নৃগোষ্ঠী গবেষক-লেখক জনাব আলী আহাম্মদ খান আইয়োব। সভাপতিত্ব করেন গীতিকবি সুজন হাজং, পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি।










# প্রশিক্ষণ কার্যক্রম

# তবলা বাদন প্রশিক্ষণ

২৩-২৫ জানুয়ারি ২০২২ তিন দিনব্যাপী একাডেমিতে “তবলা বাদন প্রশিক্ষণ” অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী ছিল মোট ২০ (কুড়ি) জন। প্রশিক্ষক হিসেবে ছিলেন একাডেমির তবলা বাদক ও ড্রামার ওস্তাদ সুমরাসন মাজি এবং ওস্তাদ লক্ষণ পান্ডে।













# <u>ক্ষুদ্র নৃগোষ্ঠীয় নৃত্য প্রশিক্ষণ</u>

১১-১৩ জানুয়ারি ২০২২ তিন দিনব্যাপী একাডেমিতে “ক্ষুদ্র নৃগোষ্ঠীয় নৃত্য প্রশিক্ষণ” অনুষ্ঠিত হয়। প্রশিক্ষকবৃন্দ ছিলেন জনাব অভ্র নকরেক ও জনাব প্রভাতী রাংসা। প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী ছিল মোট ২০ (কুড়ি) জন।











# ক্ষুদ্র নৃগোষ্ঠীয় সংগীত প্রশিক্ষণ

১১-১৩ জানুয়ারি ২০২২ তিন দিনব্যাপী একাডেমিতে “ক্ষুদ্র নৃগোষ্ঠীয় সংগীত প্রশিক্ষণ” অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী ছিল মোট ২০ (কুড়ি) জন। প্রশিক্ষক হিসেবে ছিলেন ওস্তাদ সমাপন স্নাল।















# শাস্ত্রীয় সংগীত প্রশিক্ষণ

০৬-০৮ ফেব্রুয়ারি ২০২২ তিন দিনব্যাপী একাডেমি সভাকক্ষে “শাস্ত্রীয় সংগীত প্রশিক্ষণ” অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী ছিল মোট ১৮ (আঠারো) জন। প্রশিক্ষক হিসেবে ছিলেন ওস্তাদ দীপক রাংসা।















# শাস্ত্রীয় নৃত্য প্রশিক্ষণ

০৭-০৯ ফেব্রুয়ারি ২০২২ তিন দিনব্যাপী একাডেমি মহড়াকক্ষে "শাস্ত্রীয় নৃত্য প্রশিক্ষণ" অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী ছিল মোট ১৫ (পনের) জন। প্রশিক্ষক হিসেবে ছিলেন ওস্তাদ তিলোত্তমা কুবি বিনু।













# ক্ষুদ্র নৃগোষ্ঠীয় নৃত্য প্রশিক্ষণ

২০-২২ মে ২০২২ তিন দিনব্যাপী একাডেমি মহড়াকক্ষে "ক্ষুদ্র নৃগোষ্ঠীয় নৃত্য প্রশিক্ষণ" অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী ছিল মোট ১৩ (তের) জন। প্রশিক্ষক হিসেবে ছিলেন ওস্তাদ অভ্র নকরেক।















# <u>ক্ষুদ্র নৃগোষ্ঠীয় সংগীত প্রশিক্ষণ</u>

২৩-২৫ মে ২০২২ তিন দিনব্যাপী একাডেমি সভাকক্ষে “ক্ষুদ্র নৃগোষ্ঠীয় সংগীত প্রশিক্ষণ” অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে প্রশিক্ষণার্থী ছিল মোট ১৩ (তের) জন। প্রশিক্ষক হিসেবে ছিলেন ওস্তাদ সুলোচনা সাংমা, সাবেক কালচারাল অফিসার।
















# তিন মাস মেয়াদি প্রশিক্ষণ

স্কুল পযায়ের শিক্ষার্থীদের তিনমাসব্যাপী ক্ষুদ্র নৃগোষ্ঠীয় ও শাস্ত্রীয় সংগীত এবং ক্ষুদ্র নৃগোষ্ঠীয় ও শাস্ত্রীয় নৃত্য প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।








# জাতীয় দিবস ও বিভিন্ন দিবস উপলক্ষে প্রতিযোগিতা পুরস্কার/সনদপত্র বিতরণ

# জাতীয় শোক দিবস ২০২১ উদযাপন

জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৬তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১" পালন উপলক্ষে ১৪/০৮/২০২১ তারিখ বঙ্গাবন্ধুর প্রতিকৃতি অঙ্কণ প্রতিযোগিতা; ২৩/০৮/২০২১ তারিখ বঙ্গাবন্ধুকে নিবেদিত কবিতা আবৃত্তি প্রতিযোগিতা একাডেমি অডিটরিয়ামে আয়োজন করা হয়।







১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২১ পালন উপলক্ষে-আলোচনা সভা ও পুরস্কার বিতরণী








# স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও দেশরত্নের উন্নয়ন উৎসব ২০২১

বঙ্গবন্ধুর জন্মশতবর্ষ , স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও দেশরত্নের উন্নয়ন উৎসব ২০২১ উপলক্ষে বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হয়।















# শেখ রাসেল দিবস ২০২১

১৭/১০/২০২১ তারিখ “শেখ রাসেল দিবস ২০২১” উপলক্ষে স্কুল পর্যায়ের শিক্ষার্থীদের “শেখ রাসেলের প্রতিকৃতি অঙ্কণ, শেখ রাসেলের উপর লিখিত কবিতা আবৃত্তি এবং শেখ রাসেল বিষয়ক গান” প্রতিযোগিতা আয়োজন করা হয় ।
















# মহান বিজয় দিবস ২০২১

মহান বিজয় দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে মুক্তিযুদ্ধভিত্তিক চিত্রাঙ্কণ, দেশের গান, দেশের গানের উপর নৃত্য  এবং দেশাত্মবোধক কবিতা আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন করা হয়।














# হাজংমাতা রাশিমণির প্রয়াণ  দিবস

হাজংমাতা রাশিমণির ৭৬তম প্রয়াণ দিবস উপলক্ষে বহেরাতলি, রাণীখং রাশিমণি স্মৃতিসৌধে রাশিমণি বিষয়ক রচনা লিখন ও রাশিমণি স্মৃতিসৌধ অঙ্কণ প্রতিযোগিতার আয়োজন করা হয় ৩১/০১/২০২২ তারিখ।









# <u>মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস</u>

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষে স্কুল শিক্ষার্থীদের জন্য বাংলা সুন্দর হস্তাক্ষর প্রতিযোগিতা, দেশাত্মবোধক গান এবং একুশের কবিতা আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন করা হয় ২০/০২/২০২২ তারিখ।

















# মহান ৭ই মার্চ

মহান ৭ই মার্চ উদযাপন উপলক্ষে বঙ্গাবন্ধুর প্রতিকৃতি অঙ্কণ এবং ঐতিহাসিক মহান ৭ মার্চের ভাষণ প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী করা হয়।
















# ১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানে-এঁর জন্মশতবার্ষিকী

১৭ মার্চ ২০২২ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানে-এঁর জন্মশতবার্ষিকী উদযাপন ও জাতীয় শিশু দিবস ২০২২ উপলক্ষে স্কুল শিক্ষার্থীদের জন্য বঙ্গবন্ধুর প্রতিকৃতি অঙ্কণ, বঙ্গবন্ধুকে নিবেদিত গান এবং বঙ্গবন্ধুকে নিবেদিত কবিতা আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন করা হয় ১৬/০৩/২০২২ তারিখ।
















# মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২২

মহান স্বাধীনতা দিবস ও জাতীয় দিবস ২০২২ উপলক্ষে স্কুল শিক্ষার্থীদের জন্য মুক্তিযুদ্ধভিত্তিক চিত্রাঙ্কণ, দেশাত্মবোধক গান এবং নৃত্য  প্রতিযোগিতার আয়োজন করা হয় ২৪/০৩/২০২২ তারিখ।














# সেমিনার/কর্মশালা

# <u>ক্ষুদ্র নৃগোষ্ঠীয় সমাজ ও উন্নয়ন বিষয়ক কর্মশালা ২০২২</u>

২৬ জুন ২০২২ তারিখে একাডেমি অডিটরিয়ামে “বেকারত্ব হ্রাস ও কর্মসংস্থান সৃষ্টিতে ফ্রিল্যান্সিং-এর ভূমিকা” শীর্ষক দিনব্যাপী কর্মশালা আয়োজন করা হয়।












# ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সমাজ ও সংস্কৃতি উন্নয়ন বিষয়ক ভার্চুয়াল সেমিনার ২০২২
















<u>ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সমাজ ও সংস্কৃতি উন্নয়ন বিষয়ক ভার্চুয়াল সেমিনার ২০২২</u>














# ভিডিও প্রকাশনা

# <u>একবৃন্তে একছন্দে</u>


২০২১-২০২২ অর্থ বছরে গারো হাজং ও কোচ সম্প্রদায়ের ঐতিহ্যবাহী ভিডিও ধারণ ও সংরক্ষণ করা হয়েছ।







# আমাদের কথা


গারো, হাজং, হদি, ডালু, কোচ ও বানাই সম্প্রদায়ের সমাজ সচেতন ব্যক্তিদের সমাজ-সংস্কৃতি বিষয়ক সাক্ষাৎকারের ভিডিও এলবাম প্রকাশ করা হয়েছে।




# পুস্তক/প্রকাশনা

**২০২১-২০২২ অর্থ বছরের গবেষণা পত্রিকা "জানিরা" এবং সাহিত্য পত্রিকা "মাটির সুবাস" প্রকাশ করা হয়েছে।**



# সংস্কৃতি বিনিময়

**<u>৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখ ময়মনসিংহ জেলার ধোবাউড়া উপজেলার গারো অধ্যুষিত গ্রাম ভুইয়াপাড়ায় সাংস্কৃতিক বিনিময় করা হয়।</u>**














**<u>১০ অক্টোবর ২০২১ তারিখ নেত্রকোণা জেলার কলমাকান্দা উপজেলার নয়নকান্দি গ্রামে সাংস্কৃতিক বিনিময় করা হয় ।</u>**










# সৌজন্য অনুষ্ঠান

জনাব অসীম কুমার দে, অতিরিক্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়-এর সৌজন্যে গত ১৭/১২/২০২১ তারিখে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হয়।







২১/১১/২০২২ তারিখে মাননীয় সংস্কৃতি প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব বিশিষ্ট সংগীত শিল্পী জনাব আলতাফ হোসেন-এর সৌজন্যে একটি সৌজন্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।








১২/০২/২০২২ তারিখে জনাব মো: শাহজাহান কবির-এর সৌজন্যে একটি সৌজন্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।





১১/০৩/২০২২ তারিখ কিশোরগঞ্জ সমিতির সৌজন্যে একটি সৌজন্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।





১৭/০৩/২০২২ তারিখ সন্ধ্যায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মানিত সিনিয়র সচিব জনাব কে.এম.আলী আজম এবং তাঁর সহধর্মিণী বেগম সামশাদ আজম শাম্মী মহোদয়ের একাডেমিতে শুভাগমন উপলক্ষে একটি সৌজন্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়; ময়মনসিংহ বিভাগীয় কমিশনার; নেত্রকোণা জেলার জেলা প্রশাসক জনাব কাজী আবদুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।










৩১/০৩/২০২২ তারিখ বাংলাদেশ গণসঙ্গীত সমন্বয় পরিষদ কর্তৃক শিল্পকলা একাডেমি, ঢাকাতে আয়োজিত “জাতীয় গণসঙ্গীত উৎসব”-এ একাডেমির শিল্পীবৃন্দ অংশগ্রহণ করেন।






ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বিরিশিরি, দুর্গাপুর, নেত্রকোণা।
www.kncabirisiri.portal.gov.bd
Email: knca.birisiri@yahoo.com